

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০৯.০৪.০০১.২১.৬৪

তারিখ: ১ আষাঢ়, ১৪২৮

১৫ জুন ২০২১

বিষয়: ঢাকা জেলার ধানমন্ডি থানার ইন্টারন্যাশনাল এডুকেশন কলেজের অধ্যক্ষ ড. মো: নজরুল ইসলাম গং কর্তৃক দায়েরকৃত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭৪৫৯/২০২০ এর আদেশের আলোকে পিটিশনারের গত ০১.০৩.২০২০খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তিকরণ সংক্রান্ত।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৩১.০৪০.২০২১-৬৪৭  
তারিখ-২৪.০৫.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ঢাকা জেলার ধানমন্ডি থানার ইন্টারন্যাশনাল এডুকেশন কলেজের অধ্যক্ষ ড. মো: নজরুল ইসলাম গং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত টিচার্স ট্রেনিং কলেজ থেকে বি.এড কোর্স সম্পন্নকারীদের বি.এড স্কেল প্রদানের প্রয়োজনীয় নির্দেশনামূলক সমন্বিত নতুন পরিপত্র (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত টিচার্স ট্রেনিং কলেজের নামসহ) অনলাইনে জারি করার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭৪৫৯/২০২০ দায়ের করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭৪৫৯/২০২০ এর গত ৩০.১১.২০২০খ্রি. তারিখের আদেশে পিটিশনারের গত ০১.০৩.২০২০খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তির নির্দেশনা প্রদান করা হয়। পিটিশনারের আবেদন বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির কথা উল্লেখ করে অত্র অধিদপ্তরের আইন শাখা হতে মতামত প্রদান করা হয়েছে। এক্ষেত্রে সরকারি ব্যতীত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত টিচার্স ট্রেনিং কলেজ থেকে বি.এড কোর্স সম্পন্নকারী বি.এড স্কেল প্রদানের গ্রহণযোগ্যতার বিষয়ে টিচার্স ট্রেনিং কলেজের নামসমূহ অনলাইনে জারি করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় সম্পর্কিত।

ঢাকা জেলার ধানমন্ডি থানার ইন্টারন্যাশনাল এডুকেশন কলেজের অধ্যক্ষ ড. মো: নজরুল ইসলাম গং কর্তৃক দায়েরকৃত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭৪৫৯/২০২০ এর আদেশের আলোকে পিটিশনারের গত ০১.০৩.২০২০খ্রি. তারিখের আবেদন বিধিমোতাবেক নিষ্পত্তির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

১৫-৬-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

রেজিস্ট্রার

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০৯.০৪.০০১.২১.৬৪/১(৪)

তারিখ: ১ আষাঢ়. ১৪২৮  
১৫ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-৬-২০২১  
মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব